

৯. সকল শাখার ল্যাপটপসমূহ ২২ জুন ২০১৭ বিকাল ৩.০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিএমটিসি, সিএমটিসি ও আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নোয়াখালী, চট্টগ্রাম এর নিকট প্যাকেট করে জমা দিতে হবে। এক্ষেত্রে মোঃ শহর আলী বিএমটিসি ও মোঃ মনসুর আলম সিএমটিসি, নিম্ত গোপাল দাস নোয়াখালী অঞ্চল অফিস এবং চট্টগ্রাম আঞ্চলিক অফিসে দয়াল শীল একদিন পরপর ১ ঘন্টার জন্য চালু করে আবার বন্ধ করবে।
১০. সকল মটর সাইকেল (চাবি সহ) কর্মীগণ ২২ জুন ২০১৭ তারিখ বিকাল ৩.০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিএমটিসি, সিএমটিসি ও আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নোয়াখালী ও চট্টগ্রাম পরিষ্কার পরিচ্ছন্ন করে ও গ্রীজ লাগিয়ে চালু অবস্থায় জমা দিতে হবে। স্কুলফিডিং কর্মসূচির গাড়িসমূহ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে ড্রাইভারগন রাখার ব্যবস্থা গ্রহন করবেন এবং প্রয়োজনে পাহারাদার নিয়োজিত করতে পারবেন। বাই-সাইকেল গুলো পরিষ্কার পরিচ্ছন্ন করে ও গ্রীজ লাগিয়ে স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষিত থাকবে।
১১. সরকারী নিয়মে অফিস খোলার দিন থেকে একজন করে কর্মী বিএমটিসি, সিএমটিসি ও আঞ্চলিক কার্যালয়ে দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট বিএমটিসি, সিএমটিসি এবং আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী নোয়াখালী/চট্টগ্রাম উক্ত কর্মীর নাম পদবী ও মোবাইল নম্বর পরিচালক, সহকারী পরিচালক-প্রশাসন এন্ড এসআরএর এবং হেড-এইচআরএম এর নিকট আগামী ১৫ জুন ২০১৭ তারিখের মধ্যে প্রেরন করবেন।
১২. সকল ই-মেইল ব্যবহারকারীগন ছুটিকালীন সময়ে অন্ততঃ ২ বার মেইল চেক করবেন।
১৩. অফিস শুরু হওয়ার দিন কোন কর্মী কর্মস্থলে উপস্থিত না হলে, তার যোগদান হবে সংশ্লিষ্ট বিএমটিসি, সিএমটিসি, আঞ্চলিক কার্যালয় কিংবা প্রকল্প কার্যালয়ে।
১৪. উৎসব ও বেতনভাতা প্রদানের বিবরণঃ

ক. উৎসবভাতা: উৎসবভাতা প্রদানের ক্ষেত্রে সকল নিয়মিত / চুক্তি ভিত্তিক মুসলমান কর্মীকে ১টি বেসিকের সমান উৎসব ভাতা প্রদান করতে হবে। শিক্ষানবীশ কর্মীদের ক্ষেত্রে বেসিককে ১৮০ দ্বারা ভাগ করে যে কয়দিন কাজ করেছেন সে কয় দিন দ্বারা গুন করে উৎসব ভাতা প্রদান করতে হবে, শেষ কর্মদিবস তারিখ হবে ৩০ জুন ২০১৭ ধরতে হবে। যাদের বেতনে বেসিক নেই তাঁদের মোট বেতনকে অর্ধেক করে উৎসব ভাতা প্রদান করতে হবে। যে সকল প্রকল্প বাজেটে বোনাস ধরা নাই, তাদের বোনাস প্রদান প্রযোজ্য হবে না।

খ. সকল মুসলমান কর্মীদের ঈদ উৎসব ভাতা আগামী ১৫ জুন ২০১৭ তারিখে প্রদান করতে হবে।

গ. বেতনভাতা : সকল কর্মীদের চলতি জুন মাসের বেতন ২০১৭, আগামী ২০ জুন ২০১৭ তারিখে প্রদান করতে হবে (সকল ধরনের কর্তন সাপেক্ষে)। সকল অফিস প্রধান গণ - সহকর্মীদের কাছ থেকে জুলাই ২০১৭ মাসের মাসের টাকা অগ্রিম জমা রাখবেন এবং সহকারী পরিচালক -প্রশাসন কে নিশ্চিত করবেন।

উপরোক্ত সার্কুলারে কোন অস্পষ্টতা থাকলে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।

এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে



মোস্তফা কামাল আকন্দ

অনুলিপি : নির্বাহী পরিচালক

পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কপি